৪/১১/২০০০
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...
দৈনিক জনকণ্ঠ

# চলতি বছর আর ডিগ্রী পরীক্ষা অনুষ্ঠিত হবে না

**জনকণ্ঠ রিপোর্ট** ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০০১
সালের ডিগ্রী (পাস) ও সাবসিডিয়ারি পরীক্ষা এ বছর
আর অনুষ্ঠিত হচ্ছে না। চলতি বছরের অক্টোবরে এ
পরীক্ষা শুরু হওয়ার কথা থাকলেও আগামী জানুয়ারির
আগে শুরু করা যাবে না বলে সংশ্লিষ্ট উর্ধতন কর্মকর্তারা
জানিয়েছেন। নির্ধারিত সময়ের চেয়ে পরীক্ষা প্রায় চার
মাস পিছিয়ে যাওয়ার কারণ হিসাবে বিশ্ববিদ্যালয়
কর্তৃপক্ষ সদ্য বিদায় নেয়া উপাচার্য অধ্যাপক দুর্গাদাস
ভট্টাচার্য ও পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক বিনয় রতন বড়ুয়ার
গাফিলতিকে দায়ী করেন। এক উর্ধতন কর্মকর্তা বলেন,
সময়ের কাজ সময়ে না করায় পরীক্ষা গ্রহণের প্রস্তুতি
সম্পন্ন হয়নি। এ জন্য পরীক্ষা পিছিয়ে দিতে বাধ্য হচ্ছি।
জাতীয় বিশ্ববিদ্যালয়ের এবারে ডিগ্রী (পাস) নিয়মিত,
প্রাইভেট, গত বছরের এক বিষয়ে অকৃতকার্য এবং
সাবসিডিয়ারি মিলিয়ে পরীক্ষার্থীর সংখ্যা প্রায় সাড়ে চার
লাখ। চলতি বছরের অক্টোবর মাসে এ পরীক্ষা শুরু
হওয়ার কথা ছিল। কিন্তু প্রস্তুতি সম্পন্ন না হওয়ায়
পরীক্ষা শুরু করা যায়নি।

জানা গেছে নিয়মানুযায়ী সেপ্টেম্বর মাসের মধ্যে বিজি
প্রেস থেকে প্রশ্নপত্র ছাপিয়ে রাখার কথা। কিন্তু নির্বাচনী
আন্দোলনসহ নানা কারণ দেখিয়ে প্রশ্নপত্র ছাপাতে দেয়া
হয়নি। এর মধ্যে গত ৯ সেপ্টেম্বর তত্ত্বাবধায়ক সরকার
উপাচার্য অধ্যাপক দুর্গাদাস ভট্টাচার্যকে তাঁর পদ থে
সরিয়ে দেয়। সরিয়ে দেয়া হয় পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যা
বিনয় রতন বড়ুয়াকেও। নতুন উপাচার্য হিসাবে নিয়ে
দেয়া হয় অধ্যাপক আবদুল মমিন চৌধুরীকে। তি
দায়িত্ব গ্রহণের পরই যথাশীঘ্র সম্ভব ডিগ্রী পরীক্ষা শু
করার নির্দেশ দেন। সূত্র জানায়, বিজি প্রেসে প্রশ্ন
ছাপানো থেকে শুরু করে বিভিন্ন জেলার ট্রেজারি প
পৌঁছতে প্রায় তিন মাস সময় লাগে। কারণ প্রশ্ন
ছাপানোর পর চাহিদা অনুযায়ী কেন্দ্রগুলোর জ
ট্রাঙ্কভর্তি করে সীলগালা করা হয়। এ প্রশ্নপত্র সং
জেলার ডিসি পুলিশ প্রহরায় এসে নিয়ে গিয়ে ট্রেজারি
জমা রাখেন। পরীক্ষার দু'একদিন আগে এ প্রশ্ন
অত্যন্ত নিরাপত্তার সঙ্গে কেন্দ্রে কেন্দ্রে পাঠানো হ

কর্তৃপক্ষ বলে, পরীক্ষা গ্রহণের যাবতীয় প্রস্তুতি সম্প
করা হচ্ছে। চলতি নবেম্বরের শেষ সপ্তাহে কিংবা আগা
মাসের প্রথম সপ্তাহে পরীক্ষার রুটিন প্রদান করা হবে
তবে পরীক্ষা গ্রহণের যেসব প্রস্তুতি চলছে তা সম্প
করে আগামী ১০ জানুয়ারির আগে শুরু করা যাবে ন
সংশ্লিষ্ট কর্মকর্তারা আশ্বস্ত করেন, পরীক্ষা দেরিতে শু
হলেও শিক্ষার্থীদের যাতে সেশনজট না হয় সে জ